# মুখতাসার যাদুল মা'আদ

বিভাগ/অধ্যায়ঃ অনুচ্ছেদ সমুহের সূচী ও বিবরন

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম ইবনুল কাইয়্যিম (রহঃ)

ঈদের সলাতে কে সর্বপ্রথম মিম্বার স্থাপন করেন?

সে সময় ঈদগাহে কোন মিম্বার ছিলনা। মাটিতে দাঁড়িয়ে তিনি খুতবা দিতেন। বুখারী ও মুসলিম শরীফের যে হাদীছে বলা হয়েছে অতঃপর তিনি নামলেন এবং মহিলাদের কাছে গেলেন সেই হাদীছের মর্মার্থ হচ্ছে সম্ভবতঃ তিনি উঁচু স্থানে দাঁড়িয়ে ছিলেন, যা থেকে তিনি নেমেছেন।

মদ্বীনার ঈদগাহে উমাইয়া শাসক মারওয়ান ইবনুল হাকামই সর্বপ্রথম মিম্বার স্থাপন করেন। লোকেরা তার এই কাজের প্রতিবাদ করেছে। আর কাছীর ইবনুস সালতই সর্বপ্রথম মারওয়ানের শাসনামলে পাকা মিম্বার তৈরী করেন।

ঈদের সলাতে উপস্থিত লোকদেরকে সলাত শেষ হলে বসে খুতবা শুনা এবং তা না শুনে চলে যাওয়া উভয়টির অনুমতি দিয়েছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3770

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন